# বাউল সঙ্গীত

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর

May 1, 2002

# 1 Song 1

(১)

আমি তোমার দুঃখের দুঃখী সুখের সুখী,
তাই তোমারে বলি ভাই রে
নিতাইএর হাটে গিয়ে (ওরে ও ভাই)
নাম এনেছি তোমার তোরে

(২)

গৌরচন্দ্র মার্কা করা, এ হরিনাম রসে ভরা,
নামে নামী পড়ছে ধরা, লও যদি বদন ভরে'

(৩)

পাপ তাপ সব দূরে জা'বে, সারময় সংসার হ'বে,
আর কোন ভয় নাহি রবে, ডুব্বে সুখের পাথারে

(৪)

আমি কাঙ্গাল অর্থহীন, নাম এনেছি করে' ঋণ,
দেখে আমায় অতি দীন, শ্রদ্ধামূল্যে দেও ধরে'

(৫)

মূল্য ল'য়ে তোমার ঠাই, মহাজনকে দিব, ভাই,
যে কিছু তায় লাভ পাই, রাখব নিজের ভাণ্ডারে

(৬)

নদীয়া গোদ্রুমে থাকি, চাঁদবাউল বলিছে ডাকি',
নাম বিনা আর সকল ফাঁকি, ছায়াবাজী এ সংসারে

# 2 Song 2

(১)

ধর্ম্মপথে থাকি' কর জীবন যাপন, ভাই
হরিনাম কর সদা (ওরে ও ভাই) হরি বিনা বন্ধু নাই

(২)

যে কোন ব্যবসা ধরি', জীবন নির্ব্বাহ করি',
বল মুখে হরি হরি, এই মাত্র ভিক্ষা চাই

(৩)

গৌরাঙ্গচরণে মজ, অন্য অভিলাষ ত্যজ,
ব্রজেন্দ্রনন্দনে ভজ, তবে বড় সুখ পাই

(৪)

আমি চাঁদবাউল দাস, করি তব কৃপা আশ,
জানাইযা অভিলাষ, নিত্যানন্দ-আজ্ঞা গাই

## 3 Song 3

(১)

আসল কথা বলতে কি
তোমার কেন্থা-ধরা, কপনি-আঁটা-সব ফাঁকি

(২)

ধর্ম্মপত্নী ত্যজি' ঘরে, পরনারীসঙ্গ করে,
অর্থলোভে দ্বারে দ্বারে ফিরে, রাখলে কি বাকী

(৩)

তুমি গুরু বলছ বটে, সাধুগুরু নিষ্কপটে,
কৃষ্ণনাম দেন কর্ণপুটে, সে কি এমন হয মেকি?

(৪)

যেবা অন্য শিক্ষা দেয, তাকে কি ‘গুরু’ বলতে হয?
দুধের ফলত’ ঘোলে নয, ভেবে’ চিত্তে দেখ দেখি

(৫)

শমদমতিতিক্ষাবলে, উপরতি, শ্রদ্ধা হ’লে,
তবে ভেকো চাঁদবাউল বলে, এঁচড়ে পেকে হবে কি?

## 4 Song 4

(১)

‘বাউল বাউল’ বলছে সবে, হচ্ছে বাউল কোন জনা
দাড়িচূড়া দেখিযে (ও ভাই) করছে জীবকে বঞ্চনা

(২)

দেহতত্ত্ব জড়ের তত্ত্ব, তাতে কি ছাড়ায মাযার গর্ত্ত,
চিদানন্দ পরমার্থ, জানতে তো তায পারবে না

(৩)

যদি বাউল চাও রে হতে, তবে চল ধর্ম্মপথে,
যোষিতসঙ্গ সর্বমতে ছাড়ো রে মনের বাসনা

(৪)

বেশভূষারঙ্গ যত, ছাড়ি’ নামে হও রে রত,
নিতাইচাঁদের অনুগত, হও ছাড়ি’ সব দুর্বাসনা

(৫)

মুখে ‘হরে কৃষ্ণ’ বল, ছাড়ো রে ভাই কথার ছল,
নাম বিনা তো’ সুসম্বল, চাঁদবাউল আর দেখে না

## 5 Song 5

(১)

মানুষভজন করছ, ও ভাই, ভাবের গান্ধরে’
গুপ্ত করে’ রাখছো ভালো ব্যক্ত হ’বে যমের ঘরে

(২)

মেযে হিজড়ে, পুরুষ খজা, তবে তো’ হয কর্ত্তাভজা,
এই ছলে কর্ছো মজা, মনের প্রতি চোখ ঠেরে’

(৩)

‘গুরু সত্য’ বলছো মুখে, আছো তো, ভাই, জড়ের সুখে,
সঙ্গ তোমার বহির্মুখে, শুদ্ধ হ’বে কেমন করে?

(৪)

যোষিতসঙ্গ অর্থলোভে, মজে তো’ জীব চিত্তক্ষোভে,
বাউলে কি সেসব শোভে, আগুন দেখে’ ফড়িং মরে

(৫)

চাঁদবাউল মিনতি করি’ বলে, ও সব পরিহরি’,
শুদ্ধভাবে বল ‘হরি’ যাবে ভবসাগরপারে

## 6 Song 6

(১)

এও তো’ এক কলির চেলা
মাথা নেড়া কপনি পরা, তিলক নাকে, গলায মালা

(২)

দেখতে বৈষ্ণবের মত, আসল শাক্ত কাজের বেলা
সহজভজন করছেন মামু,
সঙ্গে ল'যে পরের বালা

(৩)

সখীভাবে ভজছেন তা'রে, নিজে হ'যে নন্দলালা
কৃষ্ণদাসের কথার ছলে মহাজনকে দিচ্ছেন শলা

(৪)

নবরসিক আপনে মানি' খাচ্ছেন আবার মনকলা
বাউল বলে দোহাই, ও ভাই, দূর কর এ লীলাখেলা

## 7 Song 7

(১)

(মন আমার) হুঁসা'র্থেকো, ভূলো' নাকো,
শুদ্ধ সহজ তত্ত্বধনে
নইলে মাযার বশে, অবশেষে, কাঁদতে হবে চিরদিনে

(২)

শুদ্ধজীবে জড নাই ভাই, ঠিক বুঝ তাই,
নিজে সখী (সে) বৃন্দাবনে
সে যখন কৃষ্ণচন্দ্রে ভজে, সুখেতে মজে,
মধুররসে অনুক্ষণে

(৩)

জডদেহে তার সাধনভক্তি, জ্ঞানবিরক্তি,
দেহের যাত্রা ধর্মভাবে
সে গৃহে থাকে, বনে বা থাকে, মজিযে ডাকে,
('কৃষ্ণ') বলে' একমনে

(৪)

একেই তো বলি সহজভজন, শুদ্ধমন,
কৃষ্ণ পাইবার এক উপায
ইহা ছাড়ি' যে আরোপ করে, সেই তো মরে,
তার তো নাহি ভজন হয

(৫)

চাঁদবাউলেরে বিশ্বাস, ছোট হরিদাস, একটু কেবল বিপথে চলে
শচীসুতের কৃপায, দূর হইযে, হায, না পাযার গৌরচরণে

## 8 Song 8

(১)

মনের মালা জপবি যখন, মন,
কেন কর্বি বাহ্য ৱিসর্জন
মনে মনে ভজন যখন হয,
প্রেম উথলে পড়ে বাহ্যদেহে ব্যাপ্ত হইযে রয;
আবার দেহে চরে, জপায করে, ধরায মালা অনুক্ষণ

(২)

যে ব্যাটা ভণ্ডতা পস হয,
বকবিড়াল দেখাইযে বাহ্য নিন্দে অতিশয;
নিজে যুত পেলে কামিনীকনক করে সদা সঙ্ঘটন

(৩)

সে ব্যাটার ভিতর ফক্কাকার,
বাহ্যসাধননিন্দা বই আর আছে কিবা তার;
(নিজের) মন ভালো দেখাতে গিযে নিন্দে সাধু আচরণ

(৪)

শুদ্ধ করি' ভিতর বাহির, ভাই,
হরিনাম করতে থাকো, তর্কে কাজ নাই,
(শুষ্ক) তোমার তর্ক কর্তে জীবন যাবে
চাঁদবাউল তায় দুঃখী হন

## 9 Song 9

(১)

ঘরে বসে' বাউল হও রে মন,
কেন করবি দুষ্ট আচরণ

(২)

মনে মনে রাখবি বাউল ভাব,
সঙ্গ ছাড়ি' ধর্মভাবে করবি বিষয় লাভ;
জীবন যাপন করবি, হরিনামানন্দে সর্বক্ষণ

(৩)

যতদিন হৃদয়শোধন নয়,
ঘর ছাড়লে পরে 'মর্কটবৈরাগী' তারে কয়;
হৃদয়দোষে রিপুর বশে, পদে পদে তার পতন ।

(৪)

এঁচড়েপাকা বৈরাগী যে হয়,
পরের নারী লইয়ে পালের গোদা হইয়ে রয়;
(আবার) অর্থলোভে দ্বারে দ্বারে করে নীচের আরাধন

(৫)

ঘরে বসে পাকাও নিজের মন,
আর সকলদিন কর হরির নাম সঙ্কীর্তন;
তবে চাঁদবাউলের সঙ্গে শেষে করবি সংসার বিসর্জন

## 10 Song 10

(১)

বলৰান বৈরাগী ঠাকুর, কিন্তু গৃহীর মধ্যে বাহাদুর
আবার কপ্নি পরে, মালা ধরে,
বহেন সেৰা দাসীর ধূর

(২)

অচ্যুতগোত্রাভিমানে, ভিক্ষা করেন সর্বস্থানে,
টাকাপযসা গণি' ধ্যানে ধারণা প্রচুর
করি' চুটকী ভিক্ষা, করেন শিক্ষা, বণিগ্বৃত্তি পিণ্ডীশূর

(৩)

বলে তারে বাউলচাঁদ, এটা তোমার গলার ফাঁদ,
জীবেরেই অপরাধ শীঘ্র কর দূর
যজি' গৃহীর ধর্ম, সুস্বধর্ম,
শুদ্ধ কর অন্তঃপুর

(৪)

ন্যাসীমান আশা ত্যজি', দীনভাৰে কৃষ্ণ ভজি,
স্বভাৰগত ধর্ম যজি', নাশ দোষাঙ্কুর;
তবে কৃষ্ণ পাবে, দুঃখ যাবে, হবে তুমি সুচতুর

## 11 Song 11

(১)

কেন ভেকের প্রযাস?
হয অকালভেকে সর্ব্বনাশ
হলে চিত্তশুদ্ধি, তত্ত্ববুদ্ধি,
ভেক আপনি এসে' হয প্রকাশ

(২)

ভেক ধরি' চেষ্টা করে, ভেকের জ্বালায শেষে মরে,
নেড়া নেড়ী ছড়াছড়ি, আখড়া বেঁধে' বাস;
অকালকুষ্মাণ্ড, যত ভণ্ড, করছে জীবের সর্বনাশ

(৩)

শুক, নারদ, চতুঃসন, ভেকের অধিকারী হন,
তাঁদের সমান পারলে হ'তে ভেকে করবে আশ;
বল তেমন বুদ্ধি, চিত্তশুদ্ধি
ক'জন ধরায করছে ৱাস?

(৪)

আত্মানাত্মসুৱিৱেকে, প্রেমলতায চিত্তভেকে,
ভজনসাধনবারিসেকে করহ উল্লাস;
চাঁদবাউল বলে, এমন হ'লে, হ'তে পারবে কৃষ্ণদাস

## 12 Song 12

(১)

হ'যে বিষযে আবেশ, পেলে, মন, যাতনা অশেষ
ছাড়ি' রাধাশ্যামে ব্রজধামে,
ভুগছ হেথা নানাক্লেশ

(২)

মায়াদেবীর কারাগারে, নিজের কর্ম্মানুসারে,
ভূতের বেগার খাটতে খাটতে জীবন করছ শেষ;
করি’ ‘আমি আমার’, দেহে আবার, করছ জড রাগদ্বেষ

(৩)

তুমি শুদ্ধ চিদানন্দ, কৃষ্ণসেবা তার আনন্দ,
পঞ্চভূতের হাতে পড়ে’ হায়, আছ একটী মেষ;
এখন সাধুসঙ্গে, চিৎপ্রসঙ্গে,
তোমার উপায় অবশেষ

(৪)

কনককামিনীসঙ্গ, ছাড়ি’ ও ভাই মিছে রঙ্গ,
গ্রহণ কর বাউলচাঁদের শুদ্ধ উপদেশ
ত্যজি’ লুকোচুরি, বাউলগিরি, শুদ্ধরসে কর প্রবেশ